

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮২৯

আগরতলা, ২৬ জুলাই, ২০২৪

**শহরকে সুন্দর রাখতে আগরতলা পুরনিগমের বর্জ্য সংগ্রাহক গাড়ি**

আগরতলা পুরনিগমের উদ্যোগে শহরকে সুন্দর ও স্বচ্ছ রাখার উদ্দেশ্যে আজ ৬০টি বর্জ্যব্যবস্থাপক ও সংগ্রাহক গাড়ির যাত্রার সূচনা হয়। পুরনিগমের বড়জলা ওয়ার্কশপ থেকে আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার পতাকা নেড়ে এই গাড়িগুলির যাত্রার সূচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, কমিশনার ডা. শৈলেশ যাদব সহ পুরনিগমের অন্যান্য কাউন্সিলারগণ। গাড়িগুলির যাত্রার সূচনা করে মেয়র দীপক মজুমদার বলেন, শহরকে বর্জ্য ও দূষণমুক্ত রাখাই আগরতলা পুরনিগমের প্রধান উদ্দেশ্য। রাজ্য ও কেন্দ্রীয় সরকার জনস্বার্থে যেসকল প্রকল্প গ্রহণ করছেন তা আপামর জনসাধারণের জীবনশৈলীর বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে বলে মেয়র আশা প্রকাশ করেন। উল্লেখ্য, ন্যাশনাল হাউজিং ব্যাংক এর অর্থায়নে আরবান ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের মাধ্যমে প্রতিটি ১২ লক্ষ ৯৯ হাজার ৬০০ টাকা মূল্যে চার চাকা বিশিষ্ট ৫১টি ইভি হপার ট্রিপার এবং ১৭ লক্ষ ৯৩ হাজার ১০০ টাকা মূল্যে ৮টি ট্রিপার ট্রাক ক্রয় করা হয়। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ৯০ শতাংশ এবং রাজ্য সরকারের ১০ শতাংশ অর্থের শেয়ার রয়েছে। তাছাড়াও স্পেশাল এসিস্টেন্স টু স্টেটস ফর ক্যাপিটেল ইনভেস্টমেন্ট স্কিমে একটি সেলফ প্রোপেল্ড সুইপিং ভ্যাহিকেলস ক্রয় করা হয়েছে। এর মূল্য ২ কোটি ৫৬ লক্ষ ৫ হাজার টাকা।

\*\*\*\*\*